

ঢাকার মেয়রের জন্য চসিক মেয়রের দোয়া মাহফিল

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম



ফাইল ছবি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হকের রোগমুক্তি কামনায় সকলের কাছে দোয়া চেয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র আ জ ম নাছির উদ্দীন।

বৃহস্পতিবার দুপুরে নগরভবনে আবদুচ ছত্তার মিলনায়তনে এ মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

আ জ ম নাছির উদ্দীন বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের অসুস্থতার কথা জেনে আমি মর্মান্বিত। তার আশু রোগ মুক্তি কামনায় দেশবাসীর কাছে দোয়া চাইছি। ব্যক্তি হিসেবে আনিসুল হক একজন সৎ ও ভালো মানুষ।

এ সময় উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, ভারপ্রাপ্ত সচিব ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা নাজিয়া শিরিন প্রমুখ। দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাত পরিচালনা করেন চসিকের এবাদত খানার পেশ ইমাম মো. শওকত উসমান।

বিডি প্রতিদিন / ১৭ আগস্ট, ২০১৭ / তাফসীর